গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd



নম্বর- ০৭.০৩.০০০০.০০১.৩২.১০৫.১৯-৭৮৩

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩
০৯ সেপ্টেম্বর ২০২৬

সার্কুলার

হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয় ও এর অধীন ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস এবং উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার অফিসসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের আইবাস++ ব্যবহারের ক্ষেত্রে আইডি ও পাসওয়ার্ড সংশ্লিষ্ট নিম্নোক্ত বিষয়ে সচেতন থাকা ও উক্ত বিষয়গুলো যথাযথভাবে প্রতিপালনের জন্য আদিষ্ট হয়ে সকলকে অনুরোধ করা হলো :

১। iBAS++ সিস্টেম ব্যবহারকারী সকল কর্মকর্তা ও কর্মচারীকে তাঁদের ব্যবহৃত প্রত্যেক কম্পিউটার সুইচ অন করার জন্য নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার করা।

২। আপডেট ব্রাউজার ব্যবহার করা।

৩। iBAS++ ব্যবহারকারী প্রত্যেক ইউজার সিস্টেমে লগইন করার জন্য শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা এবং সময়ে সময়ে তা পরিবর্তন করা।

৪। iBAS++ সিস্টেম ব্যবহারকারী সকল কর্মকর্তা ও কর্মচারীকে তাঁদের ব্যবহৃত আইডি ও পাসওয়ার্ড অন্য কারো সাথে শেয়ার না করা।

৫। ওটিপি ইমেইলে না নেওয়া এবং মোবাইল নম্বরে এ প্রেরণকৃত ওটিপি অন্য কারো সাথে শেয়ার না করা।

৬। আইডি বা পাসওয়ার্ড ব্যবহার করে যে কোন কম্পিউটার দোকান অথবা অন্য কারো ডিভাইসের মাধ্যমে iBAS++ সিস্টেমে লগইন না করা।

৭। কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত মেইল/মোবাইল নম্বরে আইবাস++ আইডি সংশ্লিষ্ট অনভিপ্রেত কোন মেইল বা ওটিপি আসলে তা দ্রুততার সাথে সিজিএ প্রশাসনকে অথবা সিজিএ আইটি শাখাকে অবগত করা।

৮। অনলাইন বিল নিরীক্ষার ক্ষেত্রে বিলের সংলগ্নী ও আদেশসমূহ যথাযথ নিরীক্ষণপূর্বক বিল পাস করা।

৯। অব্যবহৃত ইউজার আইডি বন্ধ করার জন্য এ কার্যালয়ে পত্র প্রেরণ করা।

১০। কাজশেষে অথবা অফিস ত্যাগের পূর্বে iBAS++ সিস্টেম লগ আউট করে এবং কম্পিউটার শার্টডাউন নিশ্চিত করা।

সিজিএ কার্যালয়ের অধীন বিভিন্ন হিসাবরক্ষণ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের আইবাস++ আইডি ও পাসওয়ার্ড ব্যবহারের দায়-দায়িত্ব সম্পূর্ন ইউজার আইডি স্বত্ত্বাধিকারীর। এক্ষেত্রে কোন ব্যত্যয় ঘটলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে বহন করতে হবে।

০৯/০৯/২৬

(মানিক হোসেন)
উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোন: ০২-২২২৬৬৬৬০৪৯।

অবগতি প্রয়োজনীয় কার্যার্থে বিতরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/পদ্ধতি/হিসাব), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

২। যুগ্ম হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি/অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিদর্শন), সিজিএ কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)

৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার(সকল)

৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সিজিএ কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা। **[ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]**

৬। পি এস টু সিজিএ।

৭। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।

৮। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)

৯। উপজেলা হিসাবরক্ষণ কমর্কর্তা (সকল)।

১০। বিভাগীয় হিসাবরক্ষক (সকল)।

১১। সিনিয়র একাউন্টস ক্লার্ক, সড়ক বিভাগ (সকল)।

১২। অফিস কপি।